

হারে রে রে রে রে,
 আমায় ছেড়ে দে রে, দে রে—
 যেমন ছাড়া বনের পাখি মনের আনন্দে রে ॥
 ঘনপ্রাণধারা
 যেমন বাঁধনহারা,
 বাদল-বাতাস যেমন ডাকাত আকাশ লুটে ফেরে ॥
 হারে রে রে রে রে,
 আমায় রাখবে ধ'রে কে রে—
 দাবানলের নাচন যেমন সকল কানন ঘেরে,
 বজ্র যেমন বেগে
 গর্জে ঝড়ের মেঘে,
 অউহাস্যে সকল বিঘ্ন-বাধার বক্ষ চেরে ॥

Parjaay: Bichitro, Taal: Ektaal, Raag: Iman-Bhupali
 Visit www.geetabitan.com for notation and other detail